

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৮.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৮৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘ডিজিটাল বাংলাদেশ টাঙ্কফোর্স’ নিম্নরূপে গঠন করেছে :

(ক) টাঙ্কফোর্স-এর গঠন :

(১)	প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	:	চেয়ারপারসন
(২)	মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	:	সদস্য
(৩)	মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়	:	সদস্য
(৪)	মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	:	সদস্য
(৫)	মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
(৬)	মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়	:	সদস্য
(৭)	প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	:	সদস্য
(৮)	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	:	সদস্য
(৯)	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	:	সদস্য

(১৩৯৭৩)

মূল্য : টাকা ৮.০০

(১০)	সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	:	সদস্য
(১১)	সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
(১২)	সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	:	সদস্য
(১৩)	সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	:	সদস্য
(১৪)	চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন	:	সদস্য
(১৫)	নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	:	সদস্য
(১৬)	বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(১৭)	বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(১৮)	সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)	:	সদস্য
(১৯)	সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন ফর সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)	:	সদস্য
(২০)	সভাপতি, এফবিসিসিআই	:	সদস্য
(২১)	সভাপতি, ই-কর্মার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)	:	সদস্য
(২২)	জনাব আনীর চৌধুরী, পরামর্শক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	:	সদস্য
(২৩)	প্রতিনিধি, জাতীয় টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি)	:	সদস্য
(২৪)	সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব কল সেন্টার এন্ড আউটসোর্সিং (বাক্সো)	:	সদস্য
(২৫)	বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট	:	সদস্য
(২৬)	সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)	:	সদস্য
(২৭)	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ	:	সদস্য
(২৮)	সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	:	সদস্য-সচিব

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) টাঙ্কফোর্স-এর কার্যপরিধি :

- (১) বাংলাদেশের অর্থনৈতিক, সামাজিক, বাণিজ্যিক ও বৈজ্ঞানিক পরিমন্ডলে তথ্য-প্রযুক্তির অবদানের সম্ভাবনা চিহ্নিতকরণ;
- (২) তথ্য প্রযুক্তির সম্প্রসারণ, উন্নয়ন ও বিকাশের রূপরেখা প্রণয়ন;

- (৩) তথ্য প্রযুক্তির সম্প্রসারণে কৃতিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, বিগ ডাটা, ইলেক্ট্রনিক প্রগতি এবং আইওটিসহ ভবিষ্যত প্রযুক্তির বিকাশে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
- (৪) শিক্ষা ও আর্থিক খাতের কার্যক্রমকে ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
- (৫) বঙ্গবন্ধু স্যাটেলাইট-০২ ও সাবমেরিন ক্যাবল-০৩ স্থাপনের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন;
- (৬) দ্রুত পরিবর্তনশীল এই প্রযুক্তির স্বল্প ও মধ্য-মেয়াদি পরিকল্পনা প্রণয়ন এবং এর আলোকে :
- (ক) দেশের অভ্যন্তরে তথ্য প্রযুক্তির applications সম্প্রসারণের (যথা: e-governance, e-commerce/trade/finance, e-medicine, e-education/training ইত্যাদি) সময়সূচিভিত্তিক লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন কর্মপরিকল্পনা নির্ধারণ;
- (খ) রপ্তানি বাজারে computer software এবং IT-enabled service sector-এর সময়সূচিভিত্তিক লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন কর্মপরিকল্পনা নির্ধারণ;
- (গ) (ক) এবং (খ)-এর আলোকে মানবসম্পদ ও ভৌত অবকাঠামো (network infrastructure, telecommunication equipment and service sector) উন্নয়নের সময়সূচিভিত্তিক লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা প্রণয়ন; এবং
- (ঘ) সময়োপযোগী আইন ও নিয়ন্ত্রণ অবকাঠামো (intellectual property rights, electronic authentication, network security ইত্যাদি) প্রতিষ্ঠার লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ।
- (৭) উপরোক্ত (১), (২), (৩), (৪), (৫) ও (৬)-এর আলোকে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান।
- (ঘ) টান্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঙ) টান্কফোর্সের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ টান্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd